৬১।

দৈনিক বাংলা

15 MAY 1993
৩ ... ২

# প্রধান শিক্ষকের গাফিলতি

নিজস্ব সংবাদদাতা : গাইবান্ধা, ১৪ মে।—প্রধান শিক্ষকের গাফিলতির কারণে গাইবান্ধা সদর থানার খিদির শরীফ আল ওয়াহেদিয়া উচ্চ বিদ্যালয়ের ৪০ জন ছাত্রছাত্রী চলতি এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারেনি। এরমধ্যে ২৯ জন ছাত্র এবং ১১ জন ছাত্রী। তারা উক্ত স্কুলে এডমিট কার্ড না পেয়ে গাইবান্ধা কেন্দ্র সম্পাদকের কাছে খোঁজ নিয়ে জানতে পারে তাদের এডমিট কার্ড বোর্ড থেকে পাঠানো হয়নি।

ছাত্রছাত্রীরা পরে জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করেও এডমিট কার্ডের সুরাহা করতে পারেনি। ফলে এবারে তারা আর পরীক্ষা দিতে পারলো না।

ছাত্ররা স্থানীয় সাংবাদিকদের জানায় প্রধান শিক্ষক ১০ দিন থেকে স্কুলে অনুপস্থিত। অন্য শিক্ষকরা এডমিট কার্ডের ব্যাপারে কিছুই জানেন না। ছাত্ররা পরীক্ষা দেয়ার সুযোগ দাবী করে। একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, খিদির শরীফ স্কুলের প্রধান শিক্ষক নির্ধারিত সময়ের অনেক পরে নির্ধারিত ফরম জমা দেন। এবং বোর্ডের নির্ধারিত ফি ও জমা দেয়া হয়নি স্কুল থেকে।

তাই রাজশাহী শিক্ষা বোর্ড উক্ত স্কুলের জন্য এডমিট কার্ড ইস্যু করেনি এবং এ ব্যাপারে ৩০ মার্চ স্কুল কর্তৃপক্ষকে তা অবহিত করা হয়। কিন্তু প্রধান শিক্ষক উক্ত চিঠি পাওয়ার পরও ছাত্রদের এডমিট কার্ড ইস্যু করার ব্যাপারে কোনো পদক্ষেপ গ্রহণ করেননি।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, বোর্ডের নির্ধারিত ফি ৪শ' থেকে ৫শ' টাকা হলেও উক্ত প্রধান শিক্ষক ছাত্রদের কাছ থেকে পরীক্ষা ফি বাবদ ১২শ' থেকে ১৫শ' টাকা পর্যন্ত আদায় করেছেন।

ছাত্ররা গাইবান্ধা পরীক্ষা কেন্দ্রের কাছে উক্ত স্কুলের একজন শিক্ষককে পেয়ে তাকে ঘেরাও করে মারধোর করে। পরে পুলিশ উক্ত শিক্ষককে বিক্ষুব্ধ ছাত্রদের কাছ থেকে উদ্ধার করে।